

কারাগারে এসএসসি পরীক্ষা দিল কিশোরী

হবিগঞ্জ প্রতিনিধি



হবিগঞ্জের বাহুবলে একটি হত্যা মামলায় গ্রেপ্তারকৃত এসএসসি পরীক্ষার্থী জান্নাতুল মুক্তা কারাগারে বসে পরীক্ষা দিয়েছে। গতকাল বুধবার সকাল ১০টায় সে হবিগঞ্জ জেলা কারাগারের অফিস কক্ষে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে পরীক্ষা দেয়। তার পরীক্ষা নেওয়ার দায়িত্ব পালন করেন হবিগঞ্জ সরকারি উচ্চ বিদ্যালয়ের একজন শিক্ষক ও পুলিশ। পরীক্ষা পরিদর্শন করেন সিনিয়র সহকারী কমিশনার তুহিন হোসেন।

এর আগে মঙ্গলবার দুপুরে বাহুবলের দ্বীননাথ ইনস্টিটিউশন কেন্দ্র থেকে এসএসসি পরীক্ষা দিয়ে বের হওয়ার সময় মুক্তাকে

গ্রেপ্তার করে বাহুবল থানা পুলিশ। বাহুবল মডেল থানার ওসি রাফিকুল ইসলাম এ বিষয়ে মঙ্গলবার বলেন, সে হত্যা মামলার এজাহারভুক্ত পলাতক আসামি হওয়ায় তাকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারের পর হবিগঞ্জ শিশু আদালত-১-এর বিচারক (জেলা ও দায়রা জজ) সুদীপ্ত দাসের আদালতে মুক্তার জামিন নামঞ্জুর করা হয়।

আসামীপক্ষের আইনজীবী মো. নুরুজ্জামান জানান, আদালত তাকে সিলেটের মহিলা ও শিশু কিশোরী নিরাপদ আবাসন কেন্দ্রে প্রেরণের নির্দেশ দেন। কিন্তু সেখান থেকে এসএসসি পরীক্ষা কেন্দ্রের দূরত্ব বেশি হওয়ায় পরীক্ষা পর্যন্ত তাকে হবিগঞ্জ জেলা কারাগারে মহিলা ও শিশু কিশোরীদের নিরাপদ হেফাজতে রাখার আদেশ দেওয়া হয়। পরীক্ষা শেষ হলে তাকে সিলেট পাঠিয়ে দেওয়া হবে।

এর আগে ২০২২ সালের ৬ সেপ্টেম্বর বাহুবল উপজেলার শংকরপুর গ্রামে শোয়েব আহমেদ চৌধুরীর সঙ্গে তার চাচা মৃত সিজিল মিয়া চৌধুরীর পরিবারের সংঘর্ষ হয়। সংঘর্ষে উভয় পক্ষের কয়েকজন আহত ও শোয়েব চৌধুরী নিহত হন। এ ঘটনায় শোয়েব চৌধুরীর মা রহিমা চৌধুরী বাদী হয়ে সাতজনকে আসামি করে হত্যা মামলা করেন।